গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

এবং

সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২২ - জুন ৩০, ২০২৩

# সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১২

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৪

# দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের আওতায় "Study for Investigation of Groundwater and Surface Water Irrigation in Habiganj, Maulvibazar, Sylhet, Sunamganj, Netrokona and Kishorganj Districts" শীর্ষক সমীক্ষা প্রকল্পের মাধ্যমে দেশের উত্তর-পূর্বাংশের সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, ব্রাহ্মণবাড়িয়া, কিশোরগঞ্জ ও নেত্রকোনা এ ৬টি জেলার ভূ-গর্ভস্থ ও ভূ-উপরিস্থ পানির বর্তমান অবস্থা নিরূপণ এবং গাণিতিক মডেল প্রস্তুত করা হয়েছে। প্রকল্পের ফলাফলের ভিত্তিতে সুপারিশকৃত এলাকায় প্রাকৃতিক পানির যুক্তিযুক্ত ব্যবহার সম্ভব হবে। "Study of Interaction Between Haor and River Ecosystem Including Development of Wetland Inventory and Wetland Management Framework"-শীর্ষক সমীক্ষা প্রকল্পের মাধ্যমে সর্বনিম্ন ২৫ শতক আয়তন পর্যন্ত পুকুরসহ দেশের সকল জলাভূমির একটি পূর্ণাঙ্গ তালিকা ও মানচিত্র প্রস্তুত, টাঙ্গুয়ার হাওর সংলগ্ন ১২০ বর্গ কিলোমিটার এলাকায় লাইডার সার্ভে করা এবং জীববৈচিত্র্য, মৎস্য, কৃষি, বন ও জীবনযাত্রার মান উন্নয়ন বিবেচনায় জলাভূমির ব্যবস্থাপনার রূপরেখা তৈরি করা হয়েছে। "Comprehensive Feasibility Study for Sustainable Restoration and Protection of Wetlands (Haor, Baor, Beel and connected rivers etc) in Different Hydrological Regions of Bangladesh"-শীর্ষক সমীক্ষা কাজের মাধ্যমে জলাভূমি/নিম্নভূমি থেকে উৎপন্ন দেশের ৮৫টি বিশেষ নদী ও তার সাথে সংশ্লিষ্ট পুনরুদ্ধারযোগ্য ৭৬টি জলাশয় চিহ্নিত করা হয়েছে। উক্ত জলাশয়গুলোর মধ্যে দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের ১০টি জলাশয় নিয়ে একটি খসড়া ডিপিপি(DPP) প্রণয়নের কাজ চলমান রয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর হাওর ও জলভূমি এলাকার জনজীবন, পরিবেশ ও বাস্তুতন্ত্রের সার্বিক উন্নয়নের লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করছে। অনুমোদিত নিয়োগবিধি না থাকা, জনবলের অপ্রতুলতা, অফিসের জন্য পর্যাপ্ত জায়গার অভাব, জলাভূমি সুরক্ষা, উন্নয়ন ও ব্যবস্থাপনা বিষয়ে আইন না থাকা ইত্যাদি চ্যালেঞ্জসমূহ অধিদপ্তরের কার্যক্রমে বাঁধার সৃষ্টি করে। হাওর ও জলাভূমি অঞ্চলে প্রয়োজনীয় সংখ্যক আঞ্চলিক কার্যালয় না থাকায় সারাদেশে অধিদপ্তরের কার্যক্রম পরিচালনা করা অনেকাংশে বিঘ্নিত হচ্ছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর হাওর ও জলাভূমি অঞ্চলের জীববৈচিত্র সুরক্ষা, বন্যা ব্যবস্থাপনা, প্রকল্প বাস্তবায়ন ও অবকাঠামো উন্নয়নে সহযোগিতার মাধ্যমে জনগণের জীবনযাত্রার মান বৃদ্ধির লক্ষ্যে প্রণীত ২০ বছর মেয়াদী হাওর মহাপরিকল্পনা (২০১২-২০৩২) হালনাগাদকরণসহ ইতোমধ্যে বাস্তবায়িত প্রকল্পের প্রভাব নিরুপণের জন্য সমীক্ষা প্রকল্প গ্রহণ করেছে। হাওর ও জলাভূমি সুরক্ষা, উন্নয়ন ও ব্যবস্থাপনার নিমিত্ত আইন প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে যা ২০২২-২৩ অর্থবছরে চূড়ান্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। এছাড়া অধিদপ্তরের ভবিষৎ কর্মপরিকল্পনার মধ্যে 'বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর (কর্মচারী)নিয়োগ বিধিমালা-এর চূড়ান্ত অনুমোদন গ্রহণ, আরিয়াল বিল ও চলন বিলের প্রাকৃতিক সম্পদের সমন্বিত ব্যবহারের বিষয়ে গৃহীত সমীক্ষা প্রকল্প বাস্তবায়ন, হাওর ভবন নির্মাণ ও জলাভূমি অধ্যুষিত এলাকায় অধিদপ্তরের প্রয়োজনীয় সংখ্যক আঞ্চলিক কার্যালয় প্রতিষ্ঠা উল্লেখযোগ্য।

**২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- হাওর ও জলাভূমি সুরক্ষা, উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন, ২০২২ চূড়ান্তকরণ;
- 'বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা্র চূড়ান্ত অনুমোদন গ্রহণ;
- আরিয়াল বিল ও চলন বিলের প্রাকৃতিক সম্পদের সমন্বিত ব্যবহারের বিষয়ে গৃহীত সমীক্ষা প্রকল্প ও হাওর মহাপরিকল্পনা হালনাগাদকরণ প্রকল্প বাস্তবায়ন; এবং
- অধিদপ্তরের জলাভূমি অধ্যুষিত এলাকায় প্রয়োজনীয় সংখ্যক আঞ্চলিক কার্যালয় প্রতিষ্ঠা।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

এবং

সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২২ সালের ...জুন... মাসের ...২৭.০৬.২২... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**

বাংলাদেশের হাওর ও জলাভূমি অঞ্চলের জনগণের টেকসই জীবনমান উন্নয়ন।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

হাওর ও জলাভূমি অঞ্চলের জীববৈচিত্র্য সুরক্ষা, বন্যা ব্যবস্থাপনা, প্রকল্প বাস্তবায়ন ও অবকাঠামো উন্নয়নে সহযোগিতার মাধ্যমে জনগণের জীবনযাত্রার মান বৃদ্ধি।

**১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র**

**১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. [১] পরিদর্শন
২. [৪] প্রকল্প প্রণয়ন/বাস্তবায়ন
৩. [২] প্রকল্পের প্রকল্প পরিচালকদের সাথে সমন্বয় সভা
৪. [৩] প্রকল্পের উপর মতামত প্রদান

**১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

**১.৪ কার্যাবলি (Functions)**

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা ২০২২-২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| হাওর অঞ্চলে নির্মিত ফসল রক্ষা বাঁধের গুনগত মান নিশ্চিতকরণ | বাঁধ পরিদর্শনকৃত | সংখ্যা | ২৯৪ | ২২৯ | ১০০ | ১০০ | ১০০ | পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা ও উপজেলা প্রশাসন | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সংশ্লিষ্ট জেলা ও উপজেলা প্রশাসন |
| হাওর অঞ্চলে চলমান প্রকল্পের কার্যাবলী যথাসময়ে ও সুষ্ঠুভাবে সম্পন্নকরণ | প্রকল্প পরিদর্শনকৃত | সংখ্যা | | ৬ | ৬ | ৬ | ৬ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/ অন্যান্য সংস্থা/ প্রকল্প পরিচালক ও বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর | বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর ও সংশ্লিষ্ট অন্যান্য সংস্থা |
| হাওর অঞ্চলে চলমান প্রকল্পের অগ্রগতি নিশ্চিতকরণ | সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ২ | ২ | ২ | ২ | বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/ অন্যান্য সংস্থা | সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও অন্যান্য সংস্থা |
| হাওর ও জলাভূমিবান্ধব প্রকল্প গ্রহন নিশ্চিতকরণ | মতামত প্রদানকৃত | % | ১০০ | ১০০ | ৯০ | ৯০ | ৯০ | বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/ অন্যান্য সংস্থা | সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও অন্যান্য সংস্থা |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] [১] পরিদর্শন | ৩০ | [১.১] হাওর অঞ্চলের ফসল রক্ষা বাঁধের নির্মাণ/মেরামত কার্যক্রম পরিদর্শন | [১.১.১] বাঁধ পরিদর্শনকৃত | সমষ্টি | সংখ্যা | ২০ | ২৯৪ | ২২৯ | ১০০ | ৯০ | ৮০ | | | ১০০ | ১০০ |
| | | [১.২] হাওর অঞ্চলে বিভিন্ন দপ্তর / সংস্থার চলমান প্রকল্পের কার্যক্রম পরিদর্শন | [১.২.১] প্রকল্প পরিদর্শনকৃত | সমষ্টি | সংখ্যা | ৮ | | ৬ | ৬ | ৪ | ২ | | | ৬ | ৬ |
| | | | [১.২.২] সুপারিশ বাস্তবায়িত | সমষ্টি | % | ২ | | | ৫০ | ৪০ | ৩০ | | | ৫০ | ৫০ |
| [২] [৪] প্রকল্প প্রণয়ন/বাস্তবায়ন | ২০ | [২.১] সমীক্ষা প্রকল্প প্রণয়ন/ বাস্তবায়ন | [২.১.১] প্রকল্প প্রণয়নকৃত/বাস্তবায়িত | সমষ্টি | সংখ্যা | ২০ | | ৩ | ২ | ১ | | | | ২ | ২ |
| [৩] [২] প্রকল্পের প্রকল্প পরিচালকদের সাথে সমন্বয় সভা | ১০ | [৩.১] হাওর অঞ্চলে বিভিন্ন দপ্তর / সংস্থার চলমান প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা বিষয়ে প্রকল্প পরিচালকদের সাথে সমন্বয় সভা | [৩.১.১] সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১০ | ২ | ২ | ২ | ১ | | | | ২ | ২ |
| [৪] [৩] প্রকল্পের উপর মতামত প্রদান | ১০ | [৪.১] হাওর অঞ্চলে বিভিন্ন দপ্তর / সংস্থা কর্তৃক গৃহীতব্য প্রকল্পের উপর মতামত প্রদান | [৪.১.১] মতামত প্রদানকৃত | সমষ্টি | % | ১০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | | | ৯০ | ৯০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২০-২১ | প্রকৃত অর্জন* ২০২১-২২ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২২-২৩ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় হিসাবে মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ........................................ | ২৯-০৬.২০২২ ........................................ |
| মহাপরিচালক<br>বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর | তারিখ |
| ........................................ | ২৯/৬/২২ ........................................ |
| সিনিয়র সচিব<br>পানি সম্পদ মন্ত্রণালয় | তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | DBHWD | Department of Bangladesh Haor and Wetlands Development |
| ২ | আইডব্লিউএম | ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং |
| ৩ | পাসম | পানি সম্পদ মন্ত্রণালয় |
| ৪ | বাপাউবো | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড |
| ৫ | বাহাজউঅ | বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর |
| ৬ | সিইজিআইএস | সেন্টার ফর এনভায়রনমেন্টাল এন্ড জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] হাওর অঞ্চলের ফসল রক্ষা বাঁধের নির্মাণ/মেরামত কার্যক্রম পরিদর্শন | [১.১.১] বাঁধ পরিদর্শনকৃত | পরিকল্পনা ও আইসিটি অনুবিভাগ, পরিকল্পনা ও পরিবীক্ষণ শাখা | পরিদর্শন প্রতিবেদন |
| [১.২] হাওর অঞ্চলে বিভিন্ন দপ্তর / সংস্থার চলমান প্রকল্পের কার্যক্রম পরিদর্শন | [১.২.১] প্রকল্প পরিদর্শনকৃত | পরিকল্পনা ও আইসিটি অনুবিভাগ, পরিকল্পনা ও পরিবীক্ষণ শাখা | পরিদর্শন প্রতিবেদন |
| | [১.২.২] সুপারিশ বাস্তবায়িত | পরিকল্পনা ও আইসিটি অনুবিভাগ, পরিকল্কৃপনা ও পরিবীক্ষণ শাখা, কৃষি, পানি ও পরিবেশ অনুবিভাগ, পরিবেশ শাখা | অগ্রগতি প্রতিবেদন |
| [২.১] সমীক্ষা প্রকল্প প্রণয়ন/ বাস্তবায়ন | [২.১.১] প্রকল্প প্রণয়নকৃত/বাস্তবায়িত | পরিকল্পনা ও আইসিটি অনুবিভাগ | পিএফএস/অগ্রগতি প্রতিবেদন |
| [৩.১] হাওর অঞ্চলে বিভিন্ন দপ্তর / সংস্থার চলমান প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা বিষয়ে প্রকল্প পরিচালকদের সাথে সমন্বয় সভা | [৩.১.১] সভা অনুষ্ঠিত | কৃষি, পানি ও পরিবেশ অনুবিভাগ, পরিবেশ শাখা | সভার কার্যবিবরণী |
| [৪.১] হাওর অঞ্চলে বিভিন্ন দপ্তর / সংস্থা কর্তৃক গৃহীতব্য প্রকল্পের উপর মতামত প্রদান | [৪.১.১] মতামত প্রদানকৃত | পরিকল্পনা ও আইসিটি অনুবিভাগ, পরিকল্পনা ও পরিবীক্ষণ শাখা | মতামত সম্বলিত পত্র |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| হাওর অঞ্চলের ফসল রক্ষা বাঁধের নির্মাণ/মেরামত কার্যক্রম পরিদর্শন | বাঁধ পরিদর্শনকৃত | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | প্রকল্পের তথ্য সংগ্রহ, অংশীজনের সাথে মতবিনিময়, সরেজমিন পরিদর্শন ও সংশ্লিষ্টদের সহযোগিতা গ্রহণ |
| হাওর অঞ্চলে বিভিন্ন দপ্তর / সংস্থার চলমান প্রকল্পের কার্যক্রম পরিদর্শন | প্রকল্প পরিদর্শনকৃত | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | প্রকল্পের তথ্য সংগ্রহ, অংশীজনের সাথে মতবিনিময়, সরেজমিন পরিদর্শন, সংশ্লিষ্টদের সহযোগিতা গ্রহণ, পরিদর্শন প্রতিবেদন প্রেরণ |
| সমীক্ষা প্রকল্প প্রণয়ন/ বাস্তবায়ন | প্রকল্প প্রণয়নকৃত/বাস্তবায়িত | পানি সম্পদ মন্ত্রণালয় | প্রকল্পের পিআইসি ও পিএসসি সভা অনুষ্ঠান, পরিবীক্ষণ, অগ্রগতি প্রতিবেদন প্রেরণ |
| হাওর অঞ্চলে বাস্তবায়নাধীন বিভিন্ন দপ্তর / সংস্থার প্রকল্পের প্রকল্প পরিচালকদের সাথে সমন্বয় সভা | সভা অনুষ্ঠিত | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | তথ্য সংগ্রহ, বিশ্লেষণ, মতবিনিময় ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান |
| হাওর অঞ্চলে বিভিন্ন দপ্তর / সংস্থা কর্তৃক গৃহীতব্য প্রকল্পের উপর মতামত প্রদান | মতামত প্রদানকৃত | মৎস্য অধিদপ্তর | সংশ্লিষ্টদের উপস্থাপনা, প্রয়োজনে সরেজমিন পরিদর্শন, বিভিন্ন আইন ও বিধিমালার সাথে সামঞ্জস্য রেখে মতামত প্রদান |
| হাওর অঞ্চলে বিভিন্ন দপ্তর / সংস্থার চলমান প্রকল্পের কার্যক্রম পরিদর্শন | সুপারিশ বাস্তবায়িত | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | বিভিন্ন দপ্তর/সংস্থার নিকট হতে অগ্রগতি প্রতিবেদন সংগ্রহ ও প্রেরণ |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ

১৯/০৮/২০২২
নূরজাহান খানম
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।